7170 £6958 1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs1000

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under Rule 21 and also u/s ... R. Act. 1955 ... Exempted ... Stamp duty / does not require ... duty ... Duly Stamped under the Indian Stamp Act 1899 Schedule I A No. 58 A

Fees Paid :— ... Paid in ... 305

Sub-Registrar, Cossipore, Dum Dum, 16-8-87

P fee 3.00 ...

সেটেলমেন্ট বা নিরূপণ পত্র

সম্পত্তির মূল্য - আনুমানিক ৩০,০০০.০০ টাকা মাত্র।

গ্রহীতা :- শ্রীমতী আশারানী সাহা স্বামী শ্রী সতিশ চন্দ্র সাহা, জাতি হিন্দু পেশা গৃহস্থালী, সাং সাবেক ৪৮ হাল ২৫ নং বাগুইআটী রোড, থানা দমদম, জেলা ২৪ পরগণা কলিকাতা - ২৮।

দাতা :- শ্রী সতিশ চন্দ্র সাহা পিতা বিপিন চন্দ্র সাহা, জাতি হিন্দু পেশা ব্যবসা, সাং সাবেক ৪৮ হাল ২৫ নং বাগুইআটী রোড থানা দমদম, জেলা ২৪ পরগণাকলিকাতা ২৮।

50Rs.

पचास रुपया

भारत

INDIA

FIFTY RUPEES

५०रू. 50RS.

Satish ch Saha

(২)

কস্য সেটেলমেন্ট বা নিরূপন পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগণা, থানা দমদম, সাবরেজেষ্ট্রী কাশীপুর দমদম , সাউথ দমদম মিউনিসিপ্যালিটীর অন্তর্গত কলিকাতা পরগণার মৌজা ঘাটগাছি গ্রামে ৩৮৬৩ নং তৌজি ভুক্ত মালিক বর্ত্তমানে পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা আমি বিগত ইং ১২।৬। ১৯৫৩ তারিখে কাশীপুর দমদম সাবরেজেষ্ট্রী অফিসের রেজেষ্ট্রী কৃত বুক নং ১ ভলুম নং ৫১, পাতা ৯ হইতে ১৩ , বইং নং ৩৬৬০ সন ১৯৫৩ সালে দর মৌরশী পাট্টা মূলে বীরেন্দ্র নাথ চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে ৩ তিন কাঠা ৮ আট ছটাক জমি বন্দোবস্ত লইয়া খাসে ভোগ দখল করিতে থাকা অবস্থায় বিগত ইং ৭।৮।৫৫ তারিখে উক্ত সাবরেজেষ্ট্রী অফিসের রেজেষ্ট্রী কৃত

30 Rs.




Satish ch Saha

(৩)

বুক নং ১ ভলুম নং ৯৮ পাতা ৫৭ হইতে ৬১, বিইং নং ৬৭৫৩ সন ১৯৫৫ সালে রেজেষ্ট্রী কৃত পাট্টা মূলে ৩ তিন ছটাক ২৭ সাতাইশ স্কোয়ার ফুট জমি উক্ত বীরেন্দ্রনাথ চট্টো পাধ্যায় মহাশয়ের নিকট হইতে বন্দোবস্ত লইয়া মোট ৩ তিন কাঠা ১১ এগার ছটাক ২৭ সাতাইশ স্কোয়ার ফিট জমির উপর ইমারতাদি নির্ম্মান করিয়া পশ্চিমবঙ্গ সরকার সেরেস্তায় ও মিউনিসিপ্যালিটীতে যথারীতি খাজনা ও ট্যাক্স্ আদায় দিয়া চেক দাখিলা প্রাপ্তে বসবাসাদির দ্বারা ভোগ দখল করিয়া আসিতেছি। আমার তিনটি কন্যা, পাঁচটি পুত্র। কণ্যাগণকে বহু পূর্ব্বেই যথা ব্যয়ে উপযুক্ত ঘরে ও বরে বিবাহ দিয়াছি এবং তাহারা স্বামী পুত্র কণ্যা সহ স্বামী গৃহে সুখেই বসবাস করিতেছে। তাহাদের প্রতি আমার আর কোন কর্ত্তব্য নাই। এবং পুত্রগণ

দখল করিতে থাক ও থাকিবেক। তাহাতে আমি বা আমার অপর কোন

Satish ch Saha

স্বাবালকত্ব প্রাপ্ত হইয়া ব্যবসা বানিজ্য ও চাকুরী করিয়া স্বাবলম্বী হইয়াছে। তাহাদের জন্য আমার কোন চিন্তা নাই।

এক্ষনে আমি অতি বৃদ্ধ হইয়াছি। শরীর ক্রমশঃই ক্ষীণ হইয়া আসিতেছে। মৃত্যুর কোন নিশ্চয়তা নাই। জীবন প্রদীপ। কখন নির্বাপিত হবে তাহার কোন স্থিরতা নাই। কেবল মাত্র মঙ্গল ময়ের ইচ্ছা ও আশীর্বাদ এ-মেই জীবন ধারণ করিয়া আছি। তুমি স্ত্রীমতী আমার স্ত্রী শ্রীমতী আশারানী সাহা। তোমার সেবা যত্নে আমি অত্যন্ত প্রীত আছি। আমার শেষ সম্বল ৩কাঠা ১১ ছটাক ২৭ স্কোয়ার ফুট জমি সহ তদুপরিস্থিত ইমারত বাটি অনেক দিন যাবৎ ইহার একটা সুষ্ঠ ব্যবস্থা করিবার চিন্তা করিয়া আসিতেছি। এক্ষনে তোমার ভবিষ্যতের কথা চিন্তা করিয়া মনস্থির করিয়াছি আমার শেষ সম্বলটুকু তোমার বসবাসের সংস্থানের জন্য দেওয়া আমার কর্ত্তব্য তাই এই সেটেলমেন্ট পত্র দলিল দ্বারা তোমাকে উক্ত জমি সহ ইমারতাদি দান করিলাম। তুমি অত্র সেটেলমেন্ট কৃত সম্পত্তিতে মালিক স্বত্বাধিকারিনী নিযুক্ত হইয়া ~~পশ্চিমবঙ্গ সরকারে সেরেস্তায় ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমার নামের পরিবর্তে তোমার নিজ নাম পত্তন করিয়া~~ ধার্য্য কৃত খাজনা ও ট্যাকস্ আদায় দিয়া রসিদ ও দাখিলা গ্রহন করিবে তাহা পুত্র পৌত্রাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কার্য্যকরী হইবে এবং পরম সুখে ভোগ দখল করিতে থাক ও থাকিবেক। তাহাতে আমি বা আমার অপর কোন

শ্রীমতি আশারাণী সাহা

(৫)

ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কোন প্রকার দাবী দাওয়া করিতে পারিবেক না করিলেও তাহা সর্ব্ব আদালতে বাতিল ও অগ্রাহ্য হইবে।

প্রকাশ থাকে যে আমার উক্ত ও তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নিস্দায় ও নির্দ্দোষ মুক্তাবস্থায় খাস দখলে আছে উহা কাহারও নিকট বিক্রয় বা দায়াবন্ধ নাই।

প্রকাশ থাকেযে আমার জীবদ্দশা কাল তক্ তুমি অত্র সেটেলমেন্ট কৃত সম্পত্তি কোন প্রকার হস্তান্তর করিতে পারিবে না। আমার মৃত্যুর পর সেটেলমেন্ট কৃত সম্পত্তিতে তুমি এক মালিক দখলকারিনী হইয়া যদৃচ্ছা ভোগ দখল ও দান বিক্রয়াদি সর্ব ক্ষমতা যুক্তে ভোগ দখল করিতে থাকিবে।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিল পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া স্বেচ্ছায় সুজ্ঞানে অত্র সেটেলমেন্ট পত্র দলিল সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ সন ১৩৮৮ সালের ১৪ই আষাঢ়

মোতাবেক ইং সন ১৯৮১ সালের ২৯শে জুন

Satish ch Saha

তপশীল সম্পত্তি

জেলা ২৪ পরগণা, থানা দমদম, সাবরেজেষ্ট্রী কাশীপুর দমদম, ও সাউথ দমদম মিউনিসিপালিটির অন্তর্গত কলিকাতা পরগণার মৌজা ঘাটাছি গ্রামে

Satish Ch Saha



জে: এল: নং ২০ রে: সা: নং ১৫৪ তৌজি নং ৩০৮৩ , খতিয়ান নং ৫৯৯ ক খ গ নং অধিন ৭০১ সাতশত এক নং খতিয়ান হাল রায়ত দখলি সুত্রায় হাল খতিয়ান ১২৩৩ বারশত তেত্রিশ নং ২৯৩৫ উনত্রিশ শত পঁয়ত্রিশ দাগ ভুক্ত বাস্তু ৩ তিন কাঠা ১১ এগার ছটাক ২৭ সাতাইশ স্কোয়ার ফুট জমি যায় তদ্‌পরিস্থিত একতলা ইমারত ও দ্বিতলে এসবেষ্টাস ছাউনি বিশিষ্ট একখানি ঘর সহ অত্র দলিলে সেটেলমেন্ট কৃত সম্পত্তি হইতেছে। যাহার বার্ষিক খাজনা ১.৮৪পয়সা মাত্র। মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২৫ হইতেছে এবং ওয়ার্ড নং ১৭, সাউথ দমদম মিউনিসি-প্যালিটী। চৌহদ্দি-

উ: - বাগুইআটী রোড, দ: নিজ খাস দখলি সম্পত্তি, পূ: শ্রীমতী গীতারানী সাহার বাটি, প: মিউনিসিপ্যাল রোড।

ইসাদি-

১) অনিল কুমার গুপ্ত-
AB/31, দেশবন্ধু নগর, কলিকাতা-৫৯

Bijay Lal Chakraborty -
7 Desh Bandhu nagar
Calcutta 59

টাইপকারক
শ্রী জিতেন্দ্রনাথ মিত্র
শিয়ালদহ ফৌজদারী আদালত প্রাঙ্গন
কলিকাতা- ১৪।